

তারিখ: 29/03/2016

অন্তরীণ 'L' বর্ণ এবং রুপী চিহ্ন বিশিষ্ট এক টাকার কাগজী মুদ্রা প্রকাশ

ভারতীয় রিজার্ভ ব্যাংক শীঘ্র এক টাকা মূল্যের কাগজী মুদ্রা প্রকাশ করবে। এই কাগজী মুদ্রা ভারত সরকার দ্বারা মুদ্রিত হয়েছে।

দি কয়েনেজ অ্যাক্ট 2011 অনুসারে এই কাগজী মুদ্রাগুলির আইনগত পেশ বৈধতা আছে। এই মূল্যের প্রচলিত বিদ্যমান কাগজী মুদ্রাগুলিরও আইনগত পেশ বৈধতা বজায় থাকছে।

বিত্ত মন্ত্রকের অর্থ বিষয়ক বিভাগ –এর ফেব্রুয়ারী 22, 2016 তারিখাঙ্কিত বিজ্ঞপ্তি নং G.S.R. 192(E) –তে উল্লেখিত যা গ্যাজেট অফ ইন্ডিয়া –এক্সট্রাঅর্ডিনারী – পার্ট – II- সেকশান 3- সাব-সেকশান (i) নং. 124-এ প্রকাশিত, সেই অনুসারে, এই এক টাকা মূল্যের কাগজী মুদ্রার গঠন ও আকৃতি নিম্নরূপ হবে:

নোটের মূল্য	গঠন ও আকৃতি	কাগজের বৈশিষ্ট্য
এক টাকার কাগজী মুদ্রা	আয়তাকার 9.7 x 6.3 সেমি	100 শতাংশ(তুলা) ন্যাকড়া অংশ
		কাগজের ওজন :- 90 জি এস এম (গ্রামস প্রতি বর্গ মিটার)
		কাগজের বেধ :- 110 মাইক্রনস
		বিবিধ বর্ণ সমন্বয়ের জলছবি :- (i) গবাক্ষে 'সত্যমেব জয়তে' শব্দবন্ধ ব্যতীত অশোক স্তম্ভ (ii) কেন্দ্রে অন্তর্নিহিত সংখ্যা '1' (iii) ডান দিকে উল্লম্ব ভাবে অবস্থান করবে অন্তর্নিহিত শব্দ 'ভারত'

এক টাকার কাগজী মুদ্রার নকশা হবে নিম্নরূপ:

সামনের দিক: এখানে "Government of India" শব্দবন্ধের উপরে থাকবে 'ভারত সরকার' শব্দবন্ধ সঙ্গে অর্থ সচিব শ্রী রতন পি. ওয়াটাল –এর দ্বিভাষিক সহি তৎসহ 'সত্যমেব জয়তে' শব্দবন্ধ সহযোগে 2016 সালে জারি করা ₹ চিহ্ন সহ এক টাকার মুদ্রার প্রতিক্রম এবং বড় হাতের 'L' বর্ণ সাংখ্য সারণীতে অন্তর্ভুক্ত হবে, কাগজী মুদ্রার নীচের ডান দিকের সংখ্যাগুলি হবে কালো রঙের।

পিছনের দিক: এখানে "Government of India" শব্দবন্ধের উপরে থাকবে 'ভারত সরকার' শব্দবন্ধ সঙ্গে ফুলের নকশা সহযোগে 2016 সালের এক টাকার প্রতিনিধিত্বকারী ₹ চিহ্ন এবং পারিপার্শ্বিক নকশা গঠিত হবে তৈল নিষ্কাশন মঞ্চ "সাগর সম্রাট" –এর ছবির দ্বারা এবং ভাষা প্যানেলে পনেরোটি ভারতীয় ভাষায় কাগজী মুদ্রার মূল্য নিশ্চিত করা থাকবে এবং বর্ষ আন্তর্জাতিক সংখ্যায় অংকে উল্লেখিত থাকবে মধ্যভাগের নীচের দিকে।

সামগ্রিক বর্ণ বৈশিষ্ট্য: এক টাকার কাগজী মুদ্রার বর্ণ হবে সামনের দিকে প্রধানত: গোলাপী সবুজ এবং পিছনের দিক অন্য বর্ণের সমন্বয়ে।

অজিত প্রসাদ

সহকারি উপদেষ্টা(অ্যাসিস্টেন্ট অ্যাডভাইসার)

প্রেস প্রকাশনী: 2015-2016/2282